গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

# সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা ১০৬/২০১৮-১৯

ঢাকা, বুধবার ২৮ নভেম্বর ২০১৮, ১৪ অগ্রহায়ণ ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। অধিকসংখ্যক রোহিঙ্গা অনুপ্রবেশে কক্সবাজারের জনতত্ত্ব বদলে গেছে : নবনিযুক্ত জার্মান রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী

২। সরকার সন্ত্রাসের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছে : ইতালির বিদায়ী রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী

৩। সাজাপ্রাপ্তদের নেতৃত্বের অধীনে গেছে সুশীল সমাজের কিছু সদস্য : প্রধানমন্ত্রী

৪। মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আজ
ইসির সম্মতি ছাড়া কর্মস্থল ত্যাগ করতে পারবেন না রিটার্নিং অফিসাররা

৫। অনুদান ও ত্রাণ বিতরণে নিষেধাজ্ঞা

৬। দণ্ডিত ব্যক্তি নির্বাচনে অংশ নিতে পারবে না : হাইকোর্টের আদেশ

৭। আগামী অর্থবছরে প্রবৃদ্ধির লক্ষ্য ৮ শতাংশ নির্ধারণ

৮। কর অব্যাহতির সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে : অর্থমন্ত্রী

৯। নির্বাচন কমিশন নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করছে : বাণিজ্যমন্ত্রী

১০। নির্বাচন দন্ডিত অপরাধীর মুক্তির হাতিয়ার হতে পারে না : তথ্যমন্ত্রী

১১। তথ্যসচিবের সাথে আন্তর্জাতিক ফিল্ম আর্কাইভ ফেডারেশনের প্রতিনিধিদের বৈঠক

১২। হলফনামায় মিথ্যা তথ্য দিলে ব্যবস্থা নেওয়া হবে : দুদক চেয়ারম্যান

১৩। ঢাকায় ইইউ'র দুই নির্বাচন পর্যবেক্ষক

১৪। জাপান, ভারত ও রাশিয়ায় বাংলাদেশের পোশাক রপ্তানি বেড়েছে : ইপিবি'র তথ্য

চলমান পাতা-২

**১। অধিকসংখ্যক রোহিঙ্গা অনুপ্রবেশে কক্সবাজারের জনতত্ত্ব বদলে গেছে : নবনিযুক্ত জার্মান রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, স্থানীয় জনসাধারণের চেয়ে অধিকসংখ্যক রোহিঙ্গা অনুপ্রবেশে কক্সবাজারের জনতত্ত্ব বদলে গেছে। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রীর সঙ্গে তাঁর তেজগাঁওস্থ কার্যালয়ে বাংলাদেশে নবনিযুক্ত জার্মান রাষ্ট্রদূত পিটার ফারেনহোলদ সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ কথা বলেন। বৈঠকশেষে প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের এ কথা বলেন। জার্মান রাষ্ট্রদূত পিটার ফারেনহোলদ বলেন, বাংলাদেশ একটি অসাধারণ সম্ভাবনাময় দেশ। এ দেশে জার্মান ব্যবসায়ীরা বিনিয়োগে বিশেষকরে বিদ্যুৎ ও জ্বালানি খাতে বিনিয়োগে আগ্রহী। এ দেশে জার্মান কোম্পানিগুলো স্বাচ্ছন্দ্যে ব্যবসা করছে। জার্মান রাষ্ট্রদূত বিপুলসংখ্যক রোহিঙ্গাকে আশ্রয় দেওয়ার জন্য বাংলাদেশের প্রশংসা করেন। জার্মানি এ পর্যন্ত মিয়ানমার থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গাদের জন্য ৭৫ মিলিয়ন মার্কিন ডলার সহায়তা দিয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.৬)।

**২। সরকার সন্ত্রাসের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছে : ইতালির বিদায়ী রাষ্ট্রদূতকে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, সরকার সন্ত্রাসের বিরুদ্ধে দ্রুত পদক্ষেপ গ্রহণ করেছে এবং মাত্র কয়েক ঘণ্টার মধ্যেই হলি আর্টিজান বেকারির ঘটনা নিয়ন্ত্রণে আনতে সক্ষম হয়েছে। গুলশানে ২০১৬ সালে হলি আর্টিজান বেকারিতে হামলায় জড়িতদের বিচারপ্রক্রিয়া দ্রুত শুরু করায় সন্তোষ প্রকাশ করে বাংলাদেশে নিযুক্ত বিদায়ী ইতালিয়ান রাষ্ট্রদূত মারিও পালমা দেশের কাউন্টার টেররিজম ইউনিট এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তাদের কর্তব্যনিষ্ঠার প্রশংসা করেন। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার তেজগাঁওস্থ কার্যালয়ে প্রধানমন্ত্রীর সঙ্গে বিদায়ী সাক্ষাৎকালে তিনি এ কথা বলেন। বৈঠকে প্রধানমন্ত্রী দু'দেশের মধ্যে সম্পর্ক ও সহযোগিতার ক্ষেত্রে ধারাবাহিকতা রক্ষার ওপর গুরুত্ব আরোপ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

**৩। সাজাপ্রাপ্তদের নেতৃত্বের অধীনে গেছে সুশীল সমাজের কিছু সদস্য : প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ড. কামাল হোসেন এবং সুশীল সমাজের কিছু সদস্যের বিএনপি-জামায়াতের সঙ্গে হাত মেলানোর কঠোর সমালোচনা করে বলেছেন, তারা সাজাপ্রাপ্ত ব্যক্তিদের নেতৃত্বের অধীনে চলে গেছেন। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) গণভবনে সশস্ত্র বাহিনীর দেড় শতাধিক সাবেক কর্মকর্তার আওয়ামী লীগের সঙ্গে সংহতি প্রকাশ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এমন সমালোচনা করেন। আসন্ন জাতীয় নির্বাচনে নৌকার নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জনের লক্ষ্যে দেড় শতাধিক সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত কর্মকর্তা আওয়ামী লীগের সঙ্গে একাত্মতা প্রকাশ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.১)।

**৪। মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আজ ইসির সম্মতি ছাড়া কর্মস্থল ত্যাগ করতে পারবেন না রিটার্নিং অফিসাররা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ দিন আজ ২৮ নভেম্বর বুধবার। বিকাল ৫টা পর্যন্ত সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়ন জমা দিতে পারবেন প্রার্থীরা। দেশের নিবন্ধিত ৩৯টি রাজনৈতিক দল ও জোটগুলোর পক্ষ থেকে ইতোমধ্যেই প্রার্থীদের দলীয় প্রত্যয়নপত্র বিতরণ করা হয়েছে। ইসি সচিব হেলালুদ্দীন আহমদ বলেন, রিটার্নিং কর্মকর্তার কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় মন্ত্রী ও এমপিদের গাড়ির পতাকা নামিয়ে ব্যক্তিগত গাড়ি নিয়ে যেতে হবে। এ ছাড়া কোনো প্রার্থী ৫-৭ জনের বেশি লোক নিয়ে মনোনয়নপত্র জমা দিতে পারবেন না। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) ইসির মিডিয়া সেন্টারে এক প্রেস ব্রিফিংয়ে ইসি সচিব বলেন, রিটার্নিং অফিসারের কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেওয়ার সময় কোনো প্রার্থী বাস বা ট্রাক মিছিল, মোটর সাইকেল শোভাযাত্রা, মশাল মিছিলসহ কোনো ধরনের শোডাউন করতে পারবেন না।

রিটার্নিং অফিসারের দায়িত্বে থাকা বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের নির্বাচন কমিশনের সম্মতি ছাড়া কর্মস্থলের বাইরে যাওয়ার বিষয়ে বিধিনিষেধ আরোপ করা হয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিষয়টি অবহিত ও প্রতিপালনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে চিঠি দিয়েছে ইসি। সব বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসককেও চিঠির অনুলিপি পাঠানো হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৫। অনুদান ও ত্রাণ বিতরণে নিষেধাজ্ঞা**

নির্বাচনের কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত দেশের সব নির্বাচনি এলাকায় সব ধরনের অনুদান ও ত্রাণ বিতরণে নিষেধাজ্ঞার পাশাপাশি উন্নয়নমূলক প্রকল্প অনুমোদন না করার নির্দেশ দিয়েছে সরকার। আদেশে বলা হয়েছে, বিশেষ কারণে কোনো প্রকল্পে অর্থ ছাড় করাতে হলে তার আগে ইসির সম্মতি নিতে হবে।



এছাড়া ভোট গ্রহণের আগে অনুমতি নিয়ে ওয়াজ মাহফিল করা যাবে বলে জানিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। রিটার্নিং অফিসার অথবা সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার বা রির্টার্নিং অফিসারের মনোনীত কোনো কর্মকর্তার অনুমতি নিয়ে এসব ওয়াজ-মাহফিল করতে হবে। তবে কোনো ধরনের রাজনৈতিক বক্তব্য বা কোনো প্রার্থীর পক্ষে-বিপক্ষে বক্তব্য দেওয়া যাবে না। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) ইসির এক চিঠিতে এ কথা বলা হয়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **যায়যায়দিন** (শেষ পৃ,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (শেষ পৃ,ক.৫)।

**৬। আগামী অর্থবছরে প্রবৃদ্ধির লক্ষ্য ৮ শতাংশ নির্ধারণ**

আগামী ২০১৯-২০ অর্থবছরে দেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধির লক্ষ্য ধরা হয়েছে ৮ শতাংশ। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) সচিবালয়ে চলতি অর্থবছরে প্রথম ফিসক্যাল কো-অর্ডিনেশন কাউন্সিল এবং বাজেটের সম্পদ কমিটির সভায় এ লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। সভাশেষে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত সাংবাদিকদের বলেন, দেশের অর্থনৈতিক অবস্থা ভালো। তিনি মনে করেন, চলতি অর্থবছরে সরকার অর্থনৈতিক প্রবৃদ্ধি ৭ দশমিক ৮৬ শতাংশ ধরে রাখতে পারবে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.২)।

**৭। দণ্ডিত ব্যক্তি নির্বাচনে অংশ নিতে পারবে না : হাইকোর্টের আদেশ**

দুই বছর বা এর অধিক দণ্ডে দণ্ডিত ব্যক্তির নির্বাচনে অংশগ্রহণের সুযোগ নেই। এমনকি নিম্ন আদালতের দেওয়া ঐ দণ্ডের বিরুদ্ধে আপিল বিচারাধীন থাকলেও আপিলকারী নির্বাচনে অংশ নিতে পারবেন না মর্মে এক আদেশের পর্যবেক্ষণ দিয়েছে হাইকোর্ট। আদালত বলেছেন, দণ্ড মাথায় নিয়ে নির্বাচন করার বিষয়টি সংবিধান অনুমোদন করে না। এটা সংবিধানের মূল চেতনারও পরিপন্থি। দুর্নীতির মামলায় দেওয়া সাজা স্থগিত চেয়ে বিএনপি'র পাঁচ নেতার আবেদন খারিজ করে বিচারপতি মো. নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কে এম হাফিজুল আলমের সমন্বয়ে গঠিত হাইকোর্টের ডিভিশন বেঞ্চ গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) এ আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**৮। কর অব্যাহতির সংস্কৃতি থেকে বেরিয়ে আসতে হবে : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত রাজস্ব আয় বাড়ানোর জন্য নীতি ও সিদ্ধান্তের বাস্তবায়ন, কর অব্যাহতি কমানো এবং পণ্যের ট্যারিফ মূল্য প্রথা বাতিল অথবা সীমিত করা দরকার বলে মনে করেন। পাশাপাশি শিক্ষার্থীদের দিয়ে প্রতিবছর দেশের নির্দিষ্ট এলাকায় জরিপ করে নতুন করদাতা চিহ্নিত করারও প্রস্তাব করেছেন তিনি। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) রাজধানীর ঢাকা ক্লাবে আয়োজিত সাংবাদিক আবু কাওসারের লেখা 'রাজস্ব ভাবনা : যেতে হবে বহুদূর' শীর্ষক বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন । সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৩,ক.৬)।

**৯। নির্বাচন কমিশন নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করছে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বর্তমান নির্বাচন কমিশন নিরপেক্ষভাবে দায়িত্ব পালন করছে। সব দলের অংশগ্রহণের মাধ্যমে এবারের নির্বাচন প্রতিযোগিতামূলক হচ্ছে। মন্ত্রী গতকাল ২৭ (নভেম্বর মঙ্গলবার) মনোয়নপত্র দাখিলের জন্য ঢাকা থেকে বরিশাল হয়ে ভোলার ভেদুরিয়া লঞ্চঘাটে এসে পৌঁছলে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.৩,ক.৮), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৩)।

**১০। নির্বাচন দন্ডিত অপরাধীর মুক্তির হাতিয়ার হতে পারে না : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, নির্বাচন কোনো দন্ডিত অপরাধীর মুক্তির হাতিয়ার হতে পারে না। তিনি আরও বলেন, কোন জঙ্গিগোষ্ঠী, সাজাপ্রাপ্ত অপরাধী, দুর্নীতিবাজ, সাম্প্রদায়িক কোনো শক্তিকে প্রতিষ্ঠিত করার কৌশল নির্বাচন হতে পারে না। তিনি বলেন, ৫ বছর পর পর নির্বাচন হয় নতুন সরকার গঠনের জন্য। সংবিধানসম্মত উপায়েই নির্বাচন কমিশন সেটি করছেন বলে দাবি করেন তিনি। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) কুষ্টিয়ার ভেড়ামারায় মনোনয়নপত্র দাখিল শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৪,ক.৮), **ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **ভোরের কাগজ** (শেষ পৃ,ক.৮)।

**১১। তথ্যসচিবের সাথে আন্তর্জাতিক ফিল্ম আর্কাইভ ফেডারেশনের প্রতিনিধিদের বৈঠক**

তথ্যসচিব আবদুল মালেক বলেছেন, ২০২১ সালে ঢাকায় অনুষ্ঠিতব্য বিশ্ব ফিল্ম আর্কাইভ কংগ্রেস সফল করার জন্য সরকার সকল ব্যবস্থা গ্রহণ করবে। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) বাংলাদেশ সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ে তাঁর অফিসকক্ষে ঢাকা সফররত আন্তর্জাতিক ফিল্ম আর্কাইভ ফেডারেশনের (ফিয়াফ) দুই প্রতিনিধি ক্রিস্টোফি ডুপিন ও শিভেন্দ্র সিং এর সাথে বৈঠকে তিনি এ কথা বলেন। সূত্র : **ডেইলি সান** (পৃ.২,ক.৬)।



**১২। হলফনামায় মিথ্যা তথ্য দিলে ব্যবস্থা নেওয়া হবে : দুদক চেয়ারম্যান**

নির্বাচনে মনোনয়নপত্র দাখিলকারী প্রার্থীদের সম্পদ বিবরণী যাচাই বাছাই করা হবে। কেউ হলফনামায় মিথ্যা তথ্য দিলে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) চেয়ারম্যান ইকবাল মাহমুদ। গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) দুদক কার্যালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সূত্র- **ইত্তেফাক** (পৃ.১,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৫)।

**১৩। ঢাকায় ইইউ'র দুই নির্বাচন পর্যবেক্ষক**

ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) দু'জন নির্বাচন বিশেষজ্ঞ ঢাকায় এসেছেন। নির্বাচন পর্যবেক্ষণ বিশেষজ্ঞ ডেভিড নোয়েল ওয়ার্ড এবং এরিনি মারিয়া গুনারি গতকাল (২৭ নভেম্বর মঙ্গলবার) ঢাকায় পৌছেছেন। অর্ধশতাধিক দেশে নির্বাচন পর্যবেক্ষণের অভিজ্ঞতা আছে তাদের। আগামী জানুয়ারি পর্যন্ত তাঁরা বাংলাদেশে অবস্থান করবেন। প্রয়োজনে তাঁদের অবস্থানের সময় বাড়তে পারে। নির্বাচন-পূর্ব পরিস্থিতি, নির্বাচনের দিন এবং নির্বাচন-পরবর্তী অবস্থা সম্পর্কে ইউরোপীয় ইউনিয়নকে বিস্তারিত প্রতিবেদন দেবেন তাঁরা। সূত্র-**সমকাল** (পৃ.৪,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.৪,ক.৬)।

**১৪। জাপান, ভারত ও রাশিয়ায় বাংলাদেশের পোশাক রপ্তানি বেড়েছে : ইপিবি'র তথ্য**

জাপান, ভারত ও রাশিয়াসহ দেশের তৈরি পোশাকশিল্পের নতুন বাজারে রপ্তানি বাড়ছে। এ তিন দেশে গত চার মাসে রপ্তানিতে ৬৫ শতাংশ প্রবৃদ্ধি হয়েছে। মূলত কারখানা কমপ্লায়েন্স ও রাজনৈতিক পরিস্থিতির স্থিতিশীলতার কারণেই নতুন বাজারে এ সুফল পাওয়া গেছে বলে মনে করছেন তৈরি পোশাকখাত সংশ্লিষ্টরা। বাংলাদেশ রপ্তানি উন্নয়ন ব্যুরোর (ইপিবি) তথ্য মতে, জাপান, ভারত ও রাশিয়ার বাজারে গত চার মাসে মোট ৬৭ কোটি ২৮ লাখ মার্কিন ডলার মূল্যের তৈরিপোশাক রপ্তানি হয়েছে। গত অর্থবছরে একই সময়ে এ তিন দেশে রপ্তানি হয়েছিল ৪০ কোটি ৭২ লাখ মার্কিন ডলারের তৈরিপোশাক। অর্থাৎ, অর্থবছরের চার মাসেই রপ্তানি প্রবৃদ্ধি হয়েছে ৬৫ দশমিক ২ শতাংশ। সূত্র-**ভোরের কাগজ** (পৃ.৪,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** মোবাইল অপারেটরদের বিরুদ্ধে অহরহ কলড্রপের যে অভিযোগ উঠছে তা আমলে নিয়ে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **সংবাদ :** পর্যাপ্ত তথ্য না থাকায় বাংলাদেশের বিদেশগামী কর্মীদের দালালের শরণাপন্ন হতে হয় উল্লেখ করে দালালদের দৌরাত্ম্যে পুরো অভিবাসন প্রক্রিয়া ঝুঁকিপূর্ণ হয়ে উঠায় তাদের আইনের আওতায় আনার ওপর গুরুত্বারোপ।

গ. **বণিক বার্তা :** মানসম্পন্ন বীজের অভাব ও আধুনিক প্রযুক্তি সম্প্রসারণের ধীরগতি কৃষির কাঙ্ক্ষিত প্রবৃদ্ধি অর্জনে প্রতিবন্ধকতা সৃষ্টি করছে উল্লেখ করে মানসম্পন্ন বীজের যোগান নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **ইনকিলাব :** গত কয়েকবছরের ধারাবাহিকতায় আমনের বাম্পার ফলন হলেও কৃষক ধানের ন্যায্যমূল্য পাচ্ছেনা উল্লেখ করে এ অবস্থা নিরসনে কৃষিখাতে ভর্তুকি বৃদ্ধি এবং ধান-চালসহ খাদ্যপণ্যের মজুদ, বাজার নিয়ন্ত্রণ ও পরিকল্পিত বিপণন ব্যবস্থাপনা গড়ে তোলার বিকল্প নেই বলে মন্তব্য।

ঙ. **যায়যায়দিন :** সমাজে নারীর প্রতি সহিংসতা বেড়েই চলেছে উল্লেখ করে সহিংসতা ও নির্যাতনের শিকার নারীরা যেন ন্যায়বিচার পান এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

চ. **বাংলাদেশ টুডে :** স্বাস্থ্যখাতের উন্নয়নে নজর দেওয়ার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** বাল্যবিয়ে রোধে পরিবারের মধ্যে সচেতনতা সৃষ্টির আহ্বান।

জ. **অবজারভার :** শীতের সময় আসা অতিথি পাখিদের সুরক্ষায় নজর দেওয়ার সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অসাম্প্রদায়িক রাজনৈতিক অঙ্গন প্রতিষ্ঠার জন্য মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী রাজনীতিকদের একটি প্লাটফর্মে সমবেত হওয়া জরুরি।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'মাদকাসক্তি থেকে যুব সমাজকে বাঁচাতে হবে'** শিরোনামের নিবন্ধে অভিমত

প্রকাশ করা  হয়েছে, মাদকাসক্তি প্রতিরোধের সর্বাপেক্ষা কার্যকর উপায় হচ্ছে মাদকদ্রব্য ও মাদকাসক্তির বিরুদ্ধে সামাজিক সচেতনতা গড়ে তোলা।

#

ডালিয়া/ফাহিমা/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা